হাসপাতালে চিকিৎসাধীন খালেদা জিয়া, দোয়া চাইলেন দেশবাসীর



সংগৃহীত ছবি

স্বাস্থ্য জটিলতা নিয়ে আবারও রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। মেডিকেল বোর্ডের তত্ত্বাবধানে তাকে কেবিনে বিশেষ পর্যবেক্ষণে রাখা হয়েছে বলে সোমবার সন্ধ্যায় জানান তার ব্যক্তিগত চিকিৎসক ডা. এ জেড এম জাহিদ হোসেন।

রোববার রাতে নিয়মিত চেকআপের জন্য গুলশানের বাসা থেকে হাসপাতালে নেওয়া হয় তাকে। পরীক্ষা-নিরীক্ষার পর চিকিৎসক দল তাকে ভর্তি করার সিদ্ধান্ত নেয়। বর্তমানে বোর্ডের নির্দেশনা অনুযায়ী চিকিৎসা ও মনিটরিং চলছে।

চিকিৎসকের বক্তব্য অনুযায়ী, খালেদা জিয়া তার সুস্থতার জন্য দেশের মানুষের কাছে দোয়া প্রার্থনা করেছেন।

এর আগে ১৫ অক্টোবর স্বল্প সময়ের জন্য একই হাসপাতালে ভর্তি হয়েছিলেন তিনি। বহুদিন ধরেই আর্থ্রাইটিস, ডায়াবেটিস, কিডনি ও ফুসফুসের সমস্যা সহ নানান দীর্ঘমেয়াদি রোগে ভুগছেন এই সাবেক প্রধানমন্ত্রী।

LENS ASIA